গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, কৃষি মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২১

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

দীর্ঘমেয়াদী খাদ্য নিরাপত্তা অর্জনের লক্ষ্যে ফসলখাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিসহ লাভজনক, টেকসই ও পরিবেশবান্ধব কৃষি ব্যবস্থা গড়ে তোলা কৃষি মন্ত্রণালয়ের অন্যতম দায়িত্ব। সরকারের কৃষিবান্ধব নীতি গ্রহণের ফলে খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণতা অর্জন, বিভিন্ন ফসলের উন্নত ও প্রতিকূলতা সহিষ্ণু জাত উদ্ভাবন, নতুন শস্য বিন্যাস, পানি সাশ্রয়ী প্রযুক্তি, ভূপরিস্থ পানি ব্যবহার করে সেচ এলাকা সম্প্রসারণ, সমন্বিত বালাইনাশক পদ্ধতি প্রয়োগ, পাট ও ছত্রাকের জেনোম সিক্যুয়েন্স উদ্ঘাটন ইত্যাদি সাফল্য অর্জিত হয়েছে। বিগত তিন বছরে ১০২০.৮০ লক্ষ মে.টন চাল, ৩৫.৫২ লক্ষ মে.টন গম, ২৫৭.৫৮ লক্ষ মে.টন আলু এবং ৬৬.৪৮ মে.টন ভুট্টা উৎপাদিত হয়েছে। এ সময়কালে উপকরণ হিসেবে ধান বীজ ৪.৪৮ লক্ষ মে.টন, গম বীজ ০.৯৯ লক্ষ মে.টন এবং আলু বীজ ২.৪৫ লক্ষ মে.টন সরবরাহ করা হয়েছে। বিগত তিন বছরে উন্নয়ন সহায়তা হিসেবে সারের প্রায় ২৭,৪৭৩ কোটি টাকা, কৃষি পুনর্বাসন খাতে প্রায় ১৫৭ কোটি টাকা এবং হ্রাসকৃত মূল্যে খামার ও কৃষি যন্ত্রপাতি কৃষকদের নিকট সরবরাহ করা হয়েছে এবং লবণাক্ততা, জলাবদ্ধতা ও খরা সহিষ্ণুসহ বিভিন্ন ফসলের ১৭৯ টি উচ্চফলনশীল জাত ও প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

দেশে ক্রমবর্ধমান জনসংখ্যার বিশাল খাদ্যচাহিদার বিপরীতে আবাদযোগ্য কৃষি জমি হ্রাস পাচ্ছে। একই সঙ্গে বৈশ্বিক জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব ও প্রাকৃতিক দুর্যোগের কারণে বিপুল জনগোষ্ঠির খাদ্য যোগানের চ্যালেঞ্জ ক্রমশ নতুন মাত্রা পাচ্ছে। এ ছাড়া মাটির উৎপাদনশীলতা ধরে রাখা, সনাতন পদ্ধতির খোরপোষ চাষাবাদ থেকে বাণিজ্যিক কৃষিতে উত্তরণ এবং কৃষি পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিতকরণও এ সময়ের কৃষির অন্যতম প্রতিবন্ধকতা ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনকে টেকসই রূপ প্রদান, খোরপোষ কৃষি হতে বাণিজ্যিক কৃষিতে উত্তরণ, প্রচলিত চাষাবাদ পদ্ধতি হতে যান্ত্রিক পদ্ধতিতে উন্নীত করা, অধিক পুষ্টি সমৃদ্ধ ফসল উৎপাদন ও সুষম খাদ্য গ্রহণের অভ্যাস গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ এবং দেশের দক্ষিণাঞ্চলে কৃষির বহুমুখীকরণ ও উৎপাদনশীলতা বাড়ানোর কার্যক্রম ভবিষ্যৎ পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে।

**২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- উচ্চ ফলনশীল এবং লবণাক্ততা, খরা ও পানিসহিষ্ণু জাতসহ বিভিন্ন ফসলের ৩৬ টি জাত ও ৪৩টি প্রযুক্তি উদ্ভাবন;
- কৃষকের নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তি সম্প্রসারণের লক্ষ্যে ৭ লক্ষ ৮৫ হাজার জনকে প্রশিক্ষণ এবং ১ লক্ষ ৫৪ হাজার প্রদর্শনী স্থাপন;
- উন্নয়ন সহায়তার মাধ্যমে নির্ধারিত মূল্যে ৪৯.৭৫ লক্ষ মেট্রিক টন সার সরবরাহ তন্মধ্যে ইউরিয়া ২৮.০০ লক্ষ টিএসপি ৭.২৫ লক্ষ মেট্রিক টন, ডিএপি ৭.০০ লক্ষ মেট্রিক টন ও এমওপি ৭.৫০ লক্ষ মেট্রিক টন;
- চালের উৎপাদন ৩ কোটি ৪৮ লক্ষ মেট্রিক টন, গমের উৎপাদন ১৩.৩ লক্ষ মেট্রিক টন ও ভুট্টার উৎপাদন ২৬.৩ লক্ষ মেট্রিক টন।

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, কৃষি মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের সেপ্টেম্বর মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

ফসল উৎপাদন ও ব্যবস্থাপনায় সর্বোচ্চ উৎকর্ষ অর্জন

**১.২ অভিলক্ষ্য (Mission)**

শস্য বহুমূখীকরণ, বিপণন ব্যবস্থার উন্নয়ন, অধিক পুষ্টিসম্পন্ন ফসল উৎপাদন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধি
৩. কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও সংরক্ষণ
৪. কৃষি পণ্যের সরবরাহ ও উপযুক্ত মূল্য প্রাপ্তি নিশ্চিতকরণে সহায়তা

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. কৃষি গবেষণা ও শিক্ষা কার্যক্রম
২. কৃষি সম্প্রসারণ ও প্রশিক্ষণ
৩. বীজ উৎপাদন, মান নিয়ন্ত্রণ, প্রত্যয়ন, সংরক্ষণ এবং বিতরণ
৪. মৃত্তিকা জরিপ, মাটির গুণাগুন পরীক্ষা ও সুপারিশ
৫. কৃষি পণ্যের সংরক্ষণ ও বিপণন
৬. কৃষিতে সহায়তা ও পুনর্বাসন
৭. কৃষি উপকরণ ও যন্ত্রপাতি সংগ্রহ, উদ্ভাবন ও ব্যবস্থাপনা
৮. ক্ষুদ্র সেচ কার্যক্রম

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| খাদ্যশস্যের পর্যাপ্ততা | উৎপাদিত চাল | মেট্রিক টন (কোটি) | ৩.৪৩ | ৩.৪৬ | ৩.৪৮ | ৩.৫১ | ৩.৫৩ | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট |
| খাদ্যশস্যের পর্যাপ্ততা | উৎপাদিত গম | মেট্রিক টন (লক্ষ) | ১৩.০ | ১৩.৩ | ১৩.৩ | ১৩.৮ | ১৩.৯ | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট |
| খাদ্যশস্যের পর্যাপ্ততা | উৎপাদিত ভুট্টা | মেট্রিক টন (লক্ষ) | ২৫.১ | ২৪.৩ | ২৬.৩ | ২৮.৩ | ২৮.৩৬ | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট |
| আলু ও সবজির পর্যাপ্ততা | উৎপাদিত আলু | মেট্রিক টন (লক্ষ) | ৮৯.৫ | ৮৭.৫ | ৮৮.৫ | ৮৯.৫ | ৮৯.৫ | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট |
| আলু ও সবজির পর্যাপ্ততা | উৎপাদিত সবজি | মেট্রিক টন (লক্ষ) | ১৩৯.২ | ১৩৩.৪ | ১৩৬.৪ | ১৩৯.৪ | ১৩৯.৩৭ | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট |
| অর্থকরী ফসলের পর্যাপ্ততা | উৎপাদিত পাট | বেল (লক্ষ) | ৭৪.৩৬ | ৭১.০০ | ৭৫.৬০ | ৭৭.৫১ | ৭৭.৫১ | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট |
| অর্থকরী ফসলের পর্যাপ্ততা | উৎপাদিত ইক্ষু | মেট্রিক টন (লক্ষ) | ৫২.০ | ৫৫.০ | ৫৭.৫ | ৫৮.৫ | ৫৮.৫ | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, শিল্প মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার মন্ত্রণালয় এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৩৪ | [১.১] লবণাক্ততা, খরা এবং জলমগ্নতাসহিষ্ণু জাতসহ বিভিন্ন ফসলের উচ্চ ফলনশীল জাত ও প্রযুক্তি উদ্ভাবন | [১.১.১] উদ্ভাবিত জাত | সংখ্যা | ৭.০০ | ৩২ | ৩৫ | ৩৬ | ৩৫ | ৩৪ | ৩২ | ৩০ | ৩৭ | ৩৫ |
| | | | [১.১.২] উদ্ভাবিত প্রযুক্তি | সংখ্যা | ৪.০০ | ৩৮ | ৪১ | ৪৩ | ৪২ | ৪১ | ৪০ | ৩৯ | ৫০ | ৪৯ |
| | | [১.২] কৃষকের নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | [১.২.১] প্রশিক্ষিত ব্যক্তি | সংখ্যা (লক্ষ) | ৫.০০ | ৯.১৪ | ৮.২৬ | ৭.৮৫ | ৭.৬ | ৭.৩ | ৭.০ | ৬.৮ | ৮.১৫ | ৭.৯৩ |
| | | | [১.২.২] স্থাপিত প্রদর্শনী | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ১.০২ | ১.১১ | ১.২৪ | ১.২০ | ১.১৬ | ১.১৪ | ১.১১ | ১.২৮ | ১.০৬ |
| | | | [১.২.৩] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | সংখ্যা | ৩.০০ | ১৮৬ | ২০০ | ২১০ | ২০৫ | ২০০ | ১৯৫ | ১৯০ | ২২০ | ২৩০ |
| | | [১.৩] কৃষি বিষয়ে ই-তথ্য সেবা প্রদান | [১.৩.১] গঠিত কৃষক গ্রুপ/ক্লাব | সংখ্যা | ৩.০০ | ১২৮০ | ১০৫০ | ১১০০ | ১০৭৫ | ১০৫০ | ১০২৫ | ১০০০ | ১১৫০ | ১১৫০ |
| | | | [১.৩.২] এআইসিসি'র সুবিধাভোগী কৃষক | সংখ্যা (লক্ষ) | ৩.০০ | ৮.৫ | ১২ | ১৩ | ১২.৭৫ | ১২.৫০ | ১২.২৫ | ১২.০০ | ১৪ | ১৫ |
| | | [১.৪] খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি | [১.৪.১] প্রশিক্ষিত ব্যক্তি | সংখ্যা | ৩.০০ | ২৭০০ | ৪২০০ | ৪৫০০ | ৪৪০০ | ৪৩০০ | ৪২০০ | ৪১০০ | ৪৬৫০ | ৫২৮০ |
| | | | [১.৪.২] আয়োজিত সভা/ওয়ার্কশপ | সংখ্যা | ২.০০ | ২ | ৬ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | ১০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধি | ২৯ | [২.১] নির্ধারিত মূল্যে সার সরবরাহ নিশ্চিতকরণ | [২.১.১] সরবরাহকৃত ইউরিয়া সার | মেট্রিক টন (লক্ষ) | ৩.০০ | ২৪.৬২ | ২৬.৩৯ | ২৮.০০ | ২৭.০০ | ২৬.০০ | ২৫.০০ | ২৪.০০ | ২৮.০০ | ২৮.২৫ |
| | | | [২.১.২] সরবরাহকৃত টিএসপি সার | মেট্রিক টন (লক্ষ) | ২.০০ | ৬.৮৫ | ৭.২২ | ৭.২৫ | ৭.০০ | ৬.৭৫ | ৬.৫০ | ৬.২৫ | ৭.৩০ | ৭.৪০ |
| | | | [২.১.৩] সরবরাহকৃত ডিএপি সার | মেট্রিক টন (লক্ষ) | ২.০০ | ৫.৪৩ | ৫.৯৮ | ৭.০০ | ৬.৫০ | ৬.০০ | ৫.৫০ | ৫.০০ | ৭.২০ | ৭.২৫ |
| | | | [২.১.৪] সরবরাহকৃত এমওপি সার | মেট্রিক টন (লক্ষ) | ১.০০ | ৫.৭৭ | ৬.৪১ | ৭.৫০ | ৭.০০ | ৬.৫০ | ৬.০০ | ৫.৫০ | ৭.৫০ | ৭.৬০ |
| | | [২.২] সেচ যন্ত্রপাতি সংগ্রহ এবং এর সহজলভ্যতা বৃদ্ধি | [২.২.১] সরবরাহকৃত সেচ যন্ত্রপাতি | সংখ্যা | ৩.০০ | ১১৪০ | ৭১০ | ১৯০০ | ১৭০০ | ১৪৫০ | ১২০০ | ১০০০ | ২০৯০ | ১৮০৭ |
| | | [২.৩] ভূ-উপরিস্থিত পানির ব্যবহার উৎসাহিত করার জন্য ক্ষুদ্র সেচ কার্যক্রম সম্প্রসারণ, জলাবদ্ধতা ও জলামগ্নতা দূরীকরণের মাধ্যমে আবাদি জমির আওতা বৃদ্ধি | [২.৩.১] সম্প্রসারিত সেচ এলাকা | হেক্টর (লক্ষ) | ৩.০০ | ৬.০৭ | ১.১২ | ১.১২ | ১.১০ | ১.০৮ | ১.০৬ | ১.০৪ | ১.১১ | ১.০৮ |
| | | | [২.৩.২] বৃদ্ধি প্রাপ্ত আবাদি জমি | হেক্টর | ২.০০ | ৯০৫০০ | ২০০০০ | ৩০০০০ | ২৭০০০ | ২৫০০০ | ২২০০০ | ২০০০০ | ২৫০০০ | ২৭০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৪] ব্রিডার, ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন, সংরক্ষণ এবং বিতরণ | [২.৪.১] উৎপাদিত বীজ | মেট্রিক টন (লক্ষ) | ৫.০০ | ১.৪২ | ১.৩৪ | ১.৮৩ | ১.৭০ | ১.৬০ | ১.৫০ | ১.৪০ | ১.৯৪ | ২.০০ |
| | | | [২.৪.২] বিতরণকৃত বীজ | মেট্রিক টন (লক্ষ) | ১.০০ | ১.৩৩ | ১.৩০ | ১.৪৫ | ১.৩৭ | ১.৩০ | ১.২৫ | ১.২০ | ১.৮০ | ১.৯০ |
| | | [২.৫] লবণাক্ততা, খরা এবং জলমগ্নতা সহিষ্ণু জাতের ব্রিডার, ভিত্তি, ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন ও বিতরণ | [২.৫.১] উৎপাদিত বীজ | মেট্রিক টন | ৩.০০ | ৯০৫০ | ৮০৩০ | ৫০০০ | ৪৭৫০ | ৪৫০০ | ৪২৫০ | ৪০০০ | ৫৫০০ | ৫৫২০ |
| | | [২.৬] বীজের সঠিক মান নির্ধারণ | [২.৬.১] পরীক্ষিত বীজ নমুনা | সংখ্যা | ২.০০ | ৩৯৯১ | ৪৯৬১ | ৪০০০ | ৩৮৫০ | ৩৭৫০ | ৩৬৫০ | ৩৫০০ | ৫০০০ | ৫৫০০ |
| | | [২.৭] তুলা বীজের জিনিং ও বিপণন | [২.৭.১] বিতরণকৃত তুলা বীজ | মেট্রিক টন | ২.০০ | ৮৭.৪৩ | ১৭০.৬০ | ২৪৮.০০ | ২২৫.০০ | ২১০.০০ | ১৯০.০০ | ১৭০.০০ | ২৪৮.০০ | ২৪৮.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও সংরক্ষণ | ১০ | [৩.১] মৃত্তিকা জরিপের মাধ্যমে মৃত্তিকা ও ভূসম্পদ চিহ্নিতকরণ এবং উৎপাদন সক্ষমতা অনুযায়ী ভূমি ও মৃত্তিকা সম্পদের শ্রেণি বিন্যাস | [৩.১.১] জরিপকৃত উপজেলা | সংখ্যা | ৩.০০ | ৩০ | ৩০ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ২০ | ২০ |
| | | | [৩.১.২] মুদ্রিত উপজেলা ডিরেক্টরি | সংখ্যা | ৩.০০ | ৩০ | ৩০ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ২০ | ২০ |
| | | [৩.২] উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে মাটি পরীক্ষার সুবিধাদি সম্প্রসারণ | [৩.২.১] বিশ্লেষিত মৃত্তিকা নমুনা | সংখ্যা | ২.০০ | ১৬০০০ | ১৭০০০ | ১৮০০০ | ১৭৮০০ | ১৭৫০০ | ১৭২০০ | ১৭০০০ | ১৮৫০০ | ১৮৫০০ |
| | | [৩.৩] জৈব সার, সবুজ সার ও জীবাণু সারের ব্যবহার কৃষকদের নিকট জনপ্রিয়করণ | [৩.৩.১] প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ২.০০ | ১৪০০০ | ১৪০০০ | ১২০০০ | ১১৮০০ | ১১৬০০ | ১১৪০০ | ১১২০০ | ১২০০০ | ১২০০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] কৃষি পণ্যের সরবরাহ ও উপযুক্ত মূল্য প্রাপ্তি নিশ্চিতকরণে সহায়তা | ১০ | [৪.১] কৃষি বিপণন এবং উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ | [৪.১.১] ওয়েব সাইটে বাজার মূল্য প্রকাশ | সংখ্যা | ১.০০ | ১৯২০০ | ২০০০০ | ২০০০০ | ১৯৫০০ | ১৯০০০ | ১৮৫০০ | ১৮০০০ | ২২০০০ | ২২০০০ |
| | | | [৪.১.২] প্রকাশিত বুলেটিন | সংখ্যা | ১.০০ | ২৫২০ | ৪০০০ | ৪০০০ | ৩৭০০ | ৩৫০০ | ৩২০০ | ৩০০০ | ৪২০০ | ৪৪০০ |
| | | | [৪.১.৩] প্রকাশিত প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | ১৬৮ | ৩০০ | ৩০০ | ২৭৫ | ২৫০ | ২২৫ | ২০০ | ৩৫০ | ৩৫০ |
| | | [৪.২] বাজার উন্নয়নে প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা প্রদান | [৪.২.১] প্রশিক্ষিত কৃষক | সংখ্যা | ২.০০ | ১৩৮৪০ | ১০০০০ | ২৪৪০ | ২২০০ | ২০০০ | ১৭০০ | ১৫০০ | ৮০০০ | ১০০০০ |
| | | | [৪.২.২] জমাকৃত ফসলের উপর প্রদানকৃত ঋণ | টাকা (কোটি) | ২.০০ | ১৬.০০ | ৬.৩৯ | ১৪.৮০ | ১৪.৫০ | ১৪.২০ | ১৪.০০ | ১৩.৮০ | ১৫.২০ | ১৫.৯০ |
| | | [৪.৩] কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা | [৪.৩.১] সহায়তাপ্রাপ্ত কৃষি ব্যবসার উদ্যোক্তা | সংখ্যা | ৩.০০ | ৩০০০ | ১০০০ | ১০০০ | ৯৫০ | ৯০০ | ৮৫০ | ৮০০ | ১১০০ | ১২০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপণ ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, কৃষি মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, কৃষি মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| ............................................ | ২০/০৭/২০১৫ |
| সচিব<br>কৃষি মন্ত্রণালয় | তারিখ |
| ............................................ | ২০/০৭/২০১৫ |
| মন্ত্রিপরিষদ সচিব<br>মন্ত্রিপরিষদ বিভাগ | তারিখ |

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এআইসিসি | এগ্রিকালচার ইনফরমেশন এন্ড কমিউনিকেশন সেন্টার |
| ২ | এআইএস | এগ্রিকালচার ইনফরমেশন সার্ভিস |
| ৩ | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচার ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ৪ | বিএফএ | বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন |
| ৫ | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল |
| ৬ | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট |
| ৭ | বিসিআইসি | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন |
| ৮ | বিনা | বাংলাদেশ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার এগ্রিকালচার |
| ৯ | বিজেআরআই | বাংলাদেশ জুট রিসার্চ ইনস্টিটিউট |
| ১০ | বিএমডিএ | বরেন্দ্র মাল্টিপারপাস ডেভেলপমেন্ট অথরিটি |
| ১১ | বিআরআরআই | বাংলাদেশ রাইস রিসার্চ ইনস্টিটিউট |
| ১২ | সিডিবি | কটন ডেভেলপমেন্ট বোর্ড |
| ১৩ | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ১৪ | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ১৫ | ডিএপি | ডাই এমোনিয়াম ফসফেট |
| ১৬ | এমওপি | মিউরিয়েট অব পটাশ |
| ১৭ | এনএটিএ | ন্যাশনাল এগ্রিকালচার ট্রেনিং একাডেমি |
| ১৮ | এসসিএ | সিড সার্টিফিকেশন এজেন্সি |
| ১৯ | টিএসপি | ট্রিপল সুপার ফসফেট |
| ২০ | বারটান | বাংলাদেশ ইনস্টিটিউট অব রিসার্চ এন্ড ট্রেনিং অন এপ্লাইড নিউট্রিশন |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] লবণাক্ততা, খরা এবং জলমগ্নতাসহিষ্ণু জাতসহ বিভিন্ন ফসলের উচ্চ ফলনশীল জাত ও প্রযুক্তি উদ্ভাবন | [১.১.১] উদ্ভাবিত জাত | মন্ত্রণালয়ের আওতাধীন বিশেষায়িত গবেষণা প্রতিষ্ঠানসমূহ ফসলের ফলন বৃদ্ধি এবং লবণাক্ততা, খরা, জলাবদ্ধতা ইত্যাদি ঘাতসহিষ্ণু জাত উদ্ভাবন করে। | বিএআরসি,বিএআরআই,বিআরআরআই, বিজেআরআই, বিনা, বিএসআরআই ও সিডিবি | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [১.১.২] উদ্ভাবিত প্রযুক্তি | চাষাবাদ পদ্ধতি, সাশ্রয়ী পানি ব্যবহার, সারের ব্যবহার কৌশল, নতুন কৃষি যন্ত্রপাতির ব্যবহার, মাটির স্বাস্থ্য সুরক্ষা, বালাই দমন ব্যবস্থা ইত্যাদির সমন্বয়ে কৃষি প্রযুক্তি উদ্ভাবন করা হয়। | বিএআরসি,বিএআরআই,বিআরআরআই, বিজেআরআই, বিনা, বিএসআরআই ও সিডিবি | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [১.২] কৃষকের নিকট উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | [১.২.১] প্রশিক্ষিত ব্যক্তি | উদ্ভাবিত জাত ও প্রযুক্তি মাঠপর্যায়ে সম্প্রসারণের জন্য সম্প্রসারণ কর্মকর্তা, মাঠকর্মী ও কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | ডিএই, বিএডিসি, বিএআরআই, বিআরআরআই, বিজেআরআই, বিনা, বিএসআরআই, বিএমডিএ, সিডিবি ও এসসিএ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [১.২.২] স্থাপিত প্রদর্শনী | উদ্ভাবিত জাত ও প্রযুক্তি সম্প্রসারণ এবং কৃষকদেরকে উদ্বুদ্ধকরণের জন্য মাঠে চাষাবাদ কৌশল, প্রযুক্তির ব্যবহার ও ফলাফল প্রদর্শনের আয়োজন করা হয়। | ডিএই, বিএসআরআই, বিনা, বিএআরআই ও সিডিবি | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [১.২.৩] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | উদ্ভাবিত জাত ও প্রযুক্তি সম্প্রসারণের জন্য সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করে জনসাধারণ ও কর্মকর্তাদের প্রযুক্তি ও জাত সর্ম্পকে অবহিতকরণ এবং মতবিনিময় করা হয়। | ডিএই, বিএআরআই, বিজেআরআই, বিএসআরআই, বিনা, সিডিবি, এসসিএ ও এনএটিএ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [১.৩] কৃষি বিষয়ে ই-তথ্য সেবা প্রদান | [১.৩.১] গঠিত কৃষক গ্রুপ/ক্লাব | কৃষক দল গঠন করে দলের মাধ্যমে কৃষি প্রযুক্তি জ্ঞান ও ই-কৃষি ব্যবস্থা বিস্তার করা হয়। | ডিএই ও এআইএস | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [১.৩.২] এআইসিসি'র সুবিধাভোগী কৃষক | কৃষক ও প্রান্তিক জনগোষ্ঠির নিকট ডিজিটাল পদ্ধতির মাধ্যমে কৃষি তথ্য পৌঁছে দিতে ১৪৫টি কৃষি তথ্য ও যোগাযোগ কেন্দ্র (এআইসিসি) স্থাপন করা হয়েছে। এতে কম্পিউটার, ভিডিও ক্যাম, স্ক্যানার ও ইন্টারনেটের সহায়তায় ই-কৃষি সেবা প্রদান করা হয়। | এআইএস | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [১.৪] খাদ্যমান ও পুষ্টি বিষয়ে প্রচারণা, প্রকাশনা, সভা ও কর্মশালার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি | [১.৪.১] প্রশিক্ষিত ব্যক্তি | খাদ্যমান ও পুষ্টিগুণ সর্ম্পকে জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের আয়োজন করা হয়। | বারটান | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [১.৪.২] আয়োজিত সভা/ওয়ার্কশপ | খাদ্যমান ও পুষ্টিগুণ সর্ম্পকে জনসচেতনতা বৃদ্ধি ও দক্ষতা উন্নয়নের জন্য সভা/ওয়ার্কশপের আয়োজন করা হয়। | বারটান | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.১] নির্ধারিত মূল্যে সার সরবরাহ নিশ্চিতকরণ | [২.১.১] সরবরাহকৃত ইউরিয়া সার | কৃষকের নিকট সার প্রাপ্তি নিশ্চিত করতে সরকার কর্তৃক উন্নয়ন সহায়তা প্রদান করে আমদানি মূল্য হতে হ্রাসকৃত মূল্যে ইউরিয়া সার সরবরাহ করা হয়। | বিসিআইসি, বিএডিসি, ডিএই, জেলা ও উপজেলা প্রশাসন এবং বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [২.১.২] সরবরাহকৃত টিএসপি সার | কৃষকের নিকট সার প্রাপ্তি নিশ্চিত করতে সরকার কর্তৃক উন্নয়ন সহায়তা প্রদান করে আমদানি মূল্য হতে হ্রাসকৃত মূল্যে টিএসপি সার সরবরাহ করে। | বিএডিসি, ডিএই, জেলা ও উপজেলা প্রশাসন এবং বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [২.১.৩] সরবরাহকৃত ডিএপি সার | কৃষকের নিকট সার প্রাপ্তি নিশ্চিত করতে সরকার কর্তৃক উন্নয়ন সহায়তা প্রদান করে আমদানি মূল্য হতে হ্রাসকৃত মূল্যে ডিএপি সার সরবরাহ করে। | বিএডিসি, ডিএই, জেলা ও উপজেলা প্রশাসন, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [২.১.৪] সরবরাহকৃত এমওপি সার | কৃষকের নিকট সার প্রাপ্তি নিশ্চিত করতে সরকার উন্নয়ন সহায়তা প্রদান করে আমদানি মূল্য হতে হ্রাসকৃত মূল্যে এমওপি সার সরবরাহ করে। | বিএডিসি, ডিএই, জেলা ও উপজেলা প্রশাসন, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [২.২] সেচ যন্ত্রপাতি সংগ্রহ এবং এর সহজলভ্যতা বৃদ্ধি | [২.২.১] সরবরাহকৃত সেচ যন্ত্রপাতি | সেচের এলাকা বৃদ্ধি ও সেচ কার্যক্রম সক্রিয় রাখতে বিভিন্ন এলাকা নলকূপসহ বিভিন্ন সেচ যন্ত্রপাতি সরবরাহ করা হয়। | বিএডিসি ও বিএমডিএ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [২.৩] ভূ-উপরিস্থিত পানির ব্যবহার উৎসাহিত করার জন্য ক্ষুদ্র সেচ কার্যক্রম সম্প্রসারণ, জলাবদ্ধতা ও জলামগ্নতা দূরীকরণের মাধ্যমে আবাদি জমির আওতা বৃদ্ধি | [২.৩.১] সম্প্রসারিত সেচ এলাকা | শুষ্ক মৌসুমে অনাবাদী জমি চাষের আওতায় আনতে সেচ সুবিধা সৃষ্টির মাধ্যমে সেচ এলাকা সম্প্রসারণ করা হয়। | বিএডিসি ও বিএমডিএ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [২.৩.২] বৃদ্ধি প্রাপ্ত আবাদি জমি | সেচ সুবিধা প্রদানের মাধ্যমে অনাবাদী জমি চাষের আওতায় এনে আবাদী জমির পরিমাণ বৃদ্ধি করা হয়। | বিএডিসি ও বিএমডিএ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [২.৪] ব্রিডার, ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন, সংরক্ষণ এবং বিতরণ | [২.৪.১] উৎপাদিত বীজ | গবেষণা প্রতিষ্ঠানসমূহ প্রজনন বীজ উৎপাদন করে এবং বিএডিসি ভিত্তি বীজ ও প্রত্যায়িত/মানঘোষিত বীজ উৎপাদন করে। | বিএডিসি, বিআরআরআই, বিএআরআই ও বিএসআরআই | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [২.৪.২] বিতরণকৃত বীজ | গবেষণা প্রতিষ্ঠান ও বিএডিসি কর্তৃক উৎপাদিত বীজ মাঠ পর্যায়ে ও অন্যান্য বীজ উৎপাদন প্রতিষ্ঠানে বিতরণ করা হয়। | বিএডিসি, বিআরআরআই, বিএআরআই ও বিএসআরআই | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.৫] লবণাক্ততা, খরা এবং জলমগ্নতা সহিষ্ণু জাতের ব্রিডার, ভিত্তি, ও মানঘোষিত বীজ উৎপাদন, প্রত্যয়ন ও বিতরণ | [২.৫.১] উৎপাদিত বীজ | লবণাক্ততা, খরা এবং পানিসহিষ্ণু জাতসহ বিভিন্ন প্রতিকূলতা সহনশীল জাতের বীজ উৎপাদন করা হয়। | বিএডিসি, বিআরআরআই, বিএআরআই ও বিএসআরআই | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [২.৬] বীজের সঠিক মান নির্ধারণ | [২.৬.১] পরীক্ষিত বীজ নমুনা | গবেষণা প্রতিষ্ঠান ও বেসরকারি বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক মাঠ পর্যায়ে বীজ অবমুক্ত করার পূর্বে বীজ প্রত্যয়ন এজেন্সী বীজের নমুনা পরীক্ষা করে থাকে। | এসসিএ | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [২.৭] তুলা বীজের জিনিং ও বিপণন | [২.৭.১] বিতরণকৃত তুলা বীজ | তুলা উন্নয়ন বোর্ড তাদের খামারে তুলা বীজ উৎপাদন করে এবং বিতরণ করে। | সিডিবি | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [৩.১] মৃত্তিকা জরিপের মাধ্যমে মৃত্তিকা ও ভূসম্পদ চিহ্নিতকরণ এবং উৎপাদন সক্ষমতা অনুযায়ী ভূমি ও মৃত্তিকা সম্পদের শ্রেণি বিন্যাস | [৩.১.১] জরিপকৃত উপজেলা | সারাদেশে ইউনিয়ন পর্যায়ে মৃত্তিকা নমুনাতে ফসলের খাদ্য উপাদানের পরিমাণ নির্ণয়ের জন্য মাঠ জরিপ করা হয়। | এসআরডিআই | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [৩.১.২] মুদ্রিত উপজেলা ডিরেক্টরি | মৃত্তিকা জরিপের তথ্য সম্বলিত উপজেলা ডিরেক্টরি মূদ্রণ করা হয় যাতে উক্ত উপজেলার মাটিতে ফসলের খাদ্য উপাদানের পরিমাণ এবং তার পরিপ্রেক্ষিতে সারের পরিমাণ সুপারিশ করা হয়। ফলে সুষম সারের ব্যবহার সম্ভব হয়। | এসআরডিআই | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [৩.২] উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে মাটি পরীক্ষার সুবিধাদি সম্প্রসারণ | [৩.২.১] বিশ্লেষিত মৃত্তিকা নমুনা | মাটিতে বিদ্যমান খাদ্য উপাদানের পরিমাণ জানতে তা বিশ্লেষণ করা হয়, ফলে চাহিদামত সুষম সার ব্যবহারের জন্য সুপারিশ করা সম্ভব হয়। | এসআরডিআই | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [৩.৩] জৈব সার, সবুজ সার ও জীবাণু সারের ব্যবহার কৃষকদের নিকট জনপ্রিয়করণ | [৩.৩.১] প্রশিক্ষিত কৃষক | জৈব সার প্রস্তুতের বৈজ্ঞানিক পদ্ধতি ও তা ব্যবহারে উদ্বুদ্ধ করতে কৃষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। | এসআরডিআই | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৪.১] কৃষি বিপণন এবং উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ | [৪.১.১] ওয়েব সাইটে বাজার মূল্য প্রকাশ | কেন্দ্রীয়, বিভাগীয় ও জেলা পর্যায় থেকে বিভিন্ন কৃষিপণ্যের বাজারদর সংগ্রহ করে দৈনিক, সাপ্তাহিক ও মাসিক বাজারদর কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | ডিএএম | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট | |
| | [৪.১.২] প্রকাশিত বুলেটিন | কৃষি পণ্যের বাজার মূল্য, ফসল সংগ্রহোত্তর সংরক্ষণ, বিপণন ইত্যাদি তথ্য সম্বলিত কৃষি বিপণন বুলেটিন প্রকাশ করা হয়। | ডিএএম | প্রকাশিত বুলেটিন | |
| | [৪.১.৩] প্রকাশিত প্রতিবেদন | কৃষি বিপণন সর্ম্পকিত বিভিন্ন প্রতিবেদন প্রকাশ করা হয়। | ডিএএম | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [৪.২] বাজার উন্নয়নে প্রশিক্ষণ ও অন্যান্য সহায়তা প্রদান | [৪.২.১] প্রশিক্ষিত কৃষক | কৃষি বিপণন সর্ম্পকে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়। | ডিএএম | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| | [৪.২.২] জমাকৃত ফসলের উপর প্রদানকৃত ঋণ | কৃষিপণ্য আমানতের বিপরীতে ব্যাণিজ্যিক ব্যাংক থেকে কৃষকদেরকে ঋণ প্রদান করা হয়। | ডিএএম | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |
| [৪.৩] কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা | [৪.৩.১] সহায়তাপ্রাপ্ত কৃষি ব্যবসার উদ্যোক্তা | কৃষি ব্যবসার উদ্যোক্তা সৃষ্টির জন্য বিভিন্ন তথ্য সরবরাহ করে এবং ঋণ সুবিধা গ্রহণে সাহায্য করে কৃষি ব্যবসায় উদ্যোক্তা সৃষ্টিতে সহায়তা করা হয়। | ডিএএম | কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন ও অন্যান্য প্রকাশিত প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পুরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | শিল্প মন্ত্রণালয় | সরবরাহকৃত ইউরিয়া সার | ইউরিয়া সার উৎপাদন ও সময়মত সরবরাহ | ইউরিয়া সার উৎপাদন বিসিআইসির নিয়ন্ত্রাধীন। ট্রেড গ্যাপের (উন্নয়ন সহায়তা) টাকা কৃষি মন্ত্রণালয় থেকে প্রদান করা হয়। | ৮৫% | ফসল উৎপাদন ব্যহত হবে |